ভোরের কাগজ

তারিখ ... APR 1 3 1999
পৃষ্ঠা ৮০ কলাম ৫

159

### বিসিএস সাধারণ শিক্ষা সমিতির বার্ষিক সভা

# সরকারি কলেজ শিক্ষকদের পদোন্নতি বন্ধ থাকায় তীব্র ক্ষোভ প্রকাশ

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির বার্ষিক সভায় সরকারি কলেজের শিক্ষকদের পদোন্নতি বন্ধ থাকায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার ঢাকা কলেজ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সারা দেশের ২৩৩টি সরকারি কলেজ ও বিভিন্ন অফিসে কর্মরত ক্যাডারভুক্ত ১ হাজারেরও বেশি শিক্ষক সাধারণ সভায় অংশগ্রহণ করেন।

সভায় ক্যাডার কম্পোজিশন রুলস ১৯৮০, সিনিয়রিটি রুলস ১৯৮৩ সহ বিদ্যমান বিভিন্ন বিধি মোতাবেক ক্যাডার, নন ক্যাডার সমস্যার সমাধান ও পদোন্নতি প্রক্রিয়া চালুর দাবি জানানো হয়েছে। সভায় প্যাটার্ন অনুযায়ী পদ সৃষ্টি, আন্তঃক্যাডার বেতন-বৈষম্য দূরীকরণ, শিক্ষা বিভাগকে নন ভ্যাকেশন ঘোষণা, আদালতের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডে বিদ্যমান অব্যবস্থাপনা দূরীকরণ এবং ভিসি, প্রো-ভিসিসহ সকল পদে ক্যাডার শিক্ষকদের মধ্য থেকে পদায়নের দাবিতে অবিলম্বে দুর্বার আন্দোলন গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় আগামী জুন মাসের তৃতীয় সপ্তাহে সারা দেশের সরকারি কলেজ ও অফিসে কর্মরত শিক্ষকদের প্রত্যক্ষ ভোটে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ লক্ষ্যে ড. হামিদা বানুকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি এ বি এম জনাব আলী। বিজ্ঞপ্তি।